গ্যালারী চিত্রক
GALLERY CHITRAK
A CENTER OF FINE ARTS

Road-4, House-21/A (2nd floor),Dhanmondi
Dhaka 1205, Bangladesh
Cell: +88 01715026980
E-mail: gallerychitrak2000@gmail.com
Website: www.gallerychitrakbd.org

# প্রেস বিজ্ঞপ্তি

## “নিভৃতির আলোকিত ছায়া” শিরোনামে শিল্পী আজওয়াদ আহমেদ এর চিত্র প্রদর্শনীর প্রেস বিজ্ঞপ্তি

বরাবর,
বার্তা সম্পাদক,

তারিখ: ১৬/১২/২০২৫

সুধী,

আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে, আগামী ১৮ ডিসেম্বর, বৃহস্পতিবার ২০২৫ সন্ধ্যা ৫:৩০ টায় গ্যালারী চিত্রক “নিভৃতির আলোকিত ছায়া” শিরোনামে শিল্পী আজওয়াদ আহমেদ এর একক চিত্র প্রদর্শনীর আয়োজন করতে যাচ্ছে।

প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ইমেরিটাস অধ্যাপক বরেণ্য শিল্পী রফিকুন নবী। বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বিশিষ্ট শিল্পী অধ্যাপক মোহাম্মদ ইউনুস ও শিল্প সমালোচক জাভেদ জলিল। সভাপতিত্ব করবেন বিশিষ্ট শিল্পসমালোচক অধ্যাপক মইনুদ্দিন খালেদ ।

সম্ভবনাময় ও তরুণ প্রতিভাবান শিল্পী আজওয়াদের আঁকা সাম্প্রতিক সময়ের প্রায় চল্লিশটি চিত্রকর্ম নিয়ে আয়োজিত এই প্রদর্শনীটি কিউরেট করছেন অধ্যাপক নিসার হোসেন এবং এ উপলক্ষ্যে প্রকাশিত গ্রন্থে লিখেছেন কলাতাত্ত্বিক অধ্যাপক মইনুদ্দীন খালেদ ও শিল্প্যী জাভেদ জলিল।

বাংলাদেশ ফটোগ্রাফার'স অ্যাসোসিয়েশনের প্রাক্তন সাধারণ সম্পাদক জনাব আশফাক আহমেদ এর পুত্র শিল্পী আজওয়াদের জন্ম ১৯৯৫ খৃস্টাব্দে। তিনি দর্শন ও শিল্পকলা বিষয়ে মার্কিন যুক্তরাষ্ট্রে পাঠগ্রহণ কালে বিমূর্ত প্রকাশবাদী শিল্পীদের কাজ ও চিন্তাভাবনা দ্বারা অনুপ্রাণিত হন। এই প্রদর্শনীতে সেই আঙ্গিকেরই প্রায় ৪০ টি চিত্রকর্ম স্থান পেয়েছে।

প্রদর্শনীটি ১৮ থেকে ২৪ ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত শিল্পী ও শিল্পানুরাগীদের জন্য প্রতিদিন সকাল ১১ টা থেকে রাত ৮ টা পর্যন্ত উন্মুক্ত থাকবে।

উদ্বোধনী অনুষ্ঠানসহ এই প্রদর্শনী বিষয়ে আপনার বহুল প্রচারিত সংবাদ পত্রিকা/টিভি চ্যানেল মাধ্যমে প্রচারের ব্যবস্থা নিতে বিশেষভাবে অনুরোধ করছি।

প্রেরক:



মোঃ মনিরুজ্জামান
নির্বাহী পরিচালক
গ্যালারী চিত্রক